দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27. APR. 2017 ...
পৃষ্ঠা ৭ ৬ ... কলাম ... ২ ... ......

# মেডিক্যাল স্কুলের শিক্ষার্থীদের সড়ক অবরোধ

■ নোয়াখালী প্রতিনিধি

উচ্চ শিক্ষার সুযোগ, দেশের সরকারি কমিউনিটি ক্লিনিক এবং বেসরকারি হাসপাতাল-ক্লিনিকে কর্মস্থলের সুযোগ দেয়াসহ চার দফা দাবিতে বুধবার শিক্ষার্থীরা নোয়াখালীর মাইজদীর প্রধান সড়ক অবরোধ করে।

আধা ঘণ্টা অবরোধ করে বিক্ষোভ ও সমাবেশ করেছে নোয়াখালী সরকারি মেডিক্যাল এসিস্ট্যান্ট স্কুল ও বেসরকারি স্কুল মেডিক্যাল (ম্যাটস্) এর শিক্ষার্থীরা। বঙ্গবন্ধু ডিপ্লোমা মেডিক্যাল এসোসিয়েশন জেলা শাখার ব্যানারে সড়ক অবরোধ শেষে শিক্ষার্থীরা নোয়াখালী প্রেসক্লাবের সামনে ঘণ্টাব্যাপী অবস্থান। এ সময় বক্তব্য রাখেন সংগঠনের জেলা সভাপতি মো. আরএইচ রিফাত, সাধারণ সম্পাদক মুহাম্মদ দাউদুল ইসলাম শিমুল, সাংগঠনিক সম্পাদক মো. শাহিনুর ইসলাম সৈকত, মহিলা বিষয়ক সম্পাদিকা হুমায়ারা নাছরিন প্রমুখ।

## ঝিনাইদহে ম্যাটস শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ

**ভ্রাম্যমাণ প্রতিনিধি** ॥ ৪ দফা দাবিতে গতকাল বুধবার ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ করে ম্যাটস শিক্ষার্থীরা। চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড থেকে বিক্ষোভ মিছিলটি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে বাস টার্মিনালে গিয়ে শেষ হয়। পরে ঝিনাইদহ-মাগুরা মহাসড়ক অবরোধ করে তারা। এ সময় ঝিনাইদহ থেকে ঢাকা, কুষ্টিয়া, যশোর ও চুয়াডাঙ্গা রোডের যানচলাচল বন্ধ হয়ে যায়। প্রায় পৌনে এক ঘণ্টা অবরোধকালে শিক্ষার্থীরা তাদের দাবি সংবলিত বিভিন্ন স্লোগান দিতে থাকে। অবরোধকালে প্রচণ্ড গরমে যানবাহনে আটকাপড়া যাত্রীরা চরম কষ্ট পায়। অবরোধকালে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু ডিপ্লোমা মেডিক্যাল স্টুডেন্টস অ্যাসোসিয়েশন কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি রাফাতুজ্জামান প্রান্ত, সাংগঠনিক সম্পাদক মাহবুব তালুকদার, কার্যনির্বাহী সদস্য মাসুদ রানা, ঝিনাইদহ ম্যাটস শাখার সভাপতি সুজন সোহানসহ অন্যরা। এ সময় বক্তারা ম্যাটস শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার অধিকার নিশ্চিত করা, কমিউনিটি ক্লিনিকগুলোতে ম্যাটস্ থেকে পাস করা ডিপ্লোমা চিকিৎসকদের পদ সৃষ্টি, স্বতন্ত্র শিক্ষা বোর্ড গঠন ও ইন্টার্ন ভাতা প্রদানের দাবি জানান। পরে ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোস্তাফিজুর রহমান ও পুলিশের আশ্বাসে সড়ক অবরোধ তুলে নেয় তারা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং ..............................
তারিখ ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ, | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর